সমকাল

তারিখ ... 06 JUL 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# কারিগরি শিক্ষায় আর্থিক সহায়তা দেবে ভারত

■ সমকাল প্রতিবেদক

দেশের ৪৯টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে অতিরিক্ত এক লাখ শিক্ষার্থী ভর্তির জন্য প্রতিষ্ঠানগুলোর উন্নয়ন ও আধুনিকায়নে ২ হাজার ৩৮১ কোটি ১৬ লাখ টাকা আর্থিক সহযোগিতা দিতে সম্মত হয়েছে ভারত। ইতিমধ্যে এ বিষয়ে দু'দেশের সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। তিন বছর মেয়াদি এ প্রকল্পের নাম 'ক্রিয়েটিং ফ্যাসিলিটি ফর অ্যাডিশনাল ওয়ান লাখ স্টুডেন্টস্ এনরোলমেন্ট ইন ৪৯ পলিটেকনিক ইনস্টিটিউটস'। গতকাল রোববার শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সুবোধ চন্দ্র ঢালীর সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।